# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০০৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আরেক প্রকার তাহলীলের বর্ণনা যা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রত্যেক সালাতের পর বলতেন

## ذِكْرُ وَصْفِ تَهْلِيلٍ آخَرَ كَانَ يُهَلِّلُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِهِ رَبَّهُ جَلَّ وَعَلَا فِي عَقِبِ صَلَاتِهِ

---

আরবী

2005 - أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِي الزُّبَيْرِ الْمَكِّيِّ أَنَّهُ حدَّثه: أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ الزُّبَيْرِ كَانَ يَقُولُ فِي دُبُرِ كُلِّ صَلَاةٍ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ لَا نَعْبُدُ إِلَّا إِيَّاهُ لَهُ المنُّ وَلَهُ النِّعْمَةُ وَلَهُ الْفَضْلُ وَالثَّنَاءُ الْحَسَنُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ مُخْلِصِينَ لَهُ الدِّينَ وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ وَيَقُولُ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يقول هؤلاء الكلمات دُبُرَ كل صلاة.

الراوي : أَبُو الزُّبَيْرِ الْمَكِّيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2005 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1350)

বাংলা

২০০৫. আবুয যুবাইর মাক্কী রহিমাহুল্লাহ বর্ণনা করেন, নিশ্চয়ই আব্দুল্লাহ বিন যুবাইর রাদ্বিয়াল্লাহু আনহু প্রত্যেক সালাতের পর বলতেন, لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ لَا نَعْبُدُ إِلَّا إِيَّاهُ لَهُ المنُّ وَلَهُ النِّعْمَةُ وَلَهُ الْفَضْلُ وَالثَّنَاءُ الْحَسَنُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ مُخْلِصِينَ لَهُ الدِّينَ وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই, তাঁর জন্যই সকল রাজত্ব, তাঁর জন্যই সমস্ত প্রশংসা, তিনি সর্ববিষয়ে ক্ষমতাবান। মন্দ কাজ থেকে বিরত থাকা এবং ভাল কাজ সম্পন্ন করার কোন ক্ষমতা নেই আল্লাহ ছাড়া, আমরা কেবল তাঁরই ইবাদত করি, সমস্ত অনুগ্রহ তাঁরই, সমস্ত নি'আমত তাঁরই, তাঁর জন্যই সকল মর্যাদা ও উত্তম প্রশংসা। আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই। আমরা তাঁর জন্য ইবাদতকে একনিষ্ঠ করি, যদিও কাফিররা অপছন্দ করে।)

অতঃপর তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এসব বাক্য প্রত্যেক সালাতের পর বলতেন।”[1]

## ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ২০/৮৯৮; মুসনাদ আহমাদ: ৪/২৫০; সহীহ আল বুখারী: ৬৪৭৩; নাসাঈ: ৩/৭১; সহীহ ইবনু খুযাইমাহ: ৭৪২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩৫০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবুয্ যুবায়র (রহঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91323

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন